বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

সাভার, ঢাকা- ১৩৪৩

www.bpatc.org.bd

২৮/০৬/২০১৮ তারিখে অনুষ্ঠিত ২০১৮ সনের ৪র্থ অনুষদ সভার কার্যবিবরণী

সভাপতি	: ড. এম আসলাম আলম, রেক্টর (সিনিয়র সচিব)
সভার তারিখ	: ২৮ জুন ২০১৮
সভার সময়	: দুপুর ০২:৩০ মি.
স্থান	: রেক্টর'স কনফারেন্স রুম, আইটিসি ভবন
উপস্থিতি	: পরিশিষ্ট 'ক'

সভার শুরুতে সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানানো হয়।

গত ২৭ জুন ২০১৮ তারিখ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও কর্মক্ষেত্রে যথাযোগ্য প্রতিফলন ঘটানোর স্বীকৃতি স্বরূপ জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ড. এম আসলাম আলম, রেক্টর, বিপিএটিসিকে 'শুদ্ধাচার পুরস্কার ২০১৭'- এ ভূষিত করায় কেন্দ্রের অনুষদবর্গ কর্তৃক তাঁকে ফুলেল শুভেচ্ছা প্রদান করা হয়। উল্লেখ্য, রেক্টর, বিপিএটিসি (দপ্তর/সংস্থা প্রধান) পর্যায়ে উক্ত পদক অর্জন করেন। শুভেচ্ছা পর্বের পর রেক্টর, বিপিএটিসি কেন্দ্রের সকল অনুষদ সদস্যের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং এ কৃতিত্বের পেছনে বিপিএটিসি-এর সকল কর্মকর্তা-কর্মচারীর অবদান রয়েছে মর্মে উল্লেখ করেন। রেক্টর, বিপিএটিসি কর্তৃক এই কৃতিত্ব কেন্দ্রের সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীর প্রতি উৎসর্গ করা হয়।

অতঃপর রেক্টর, বিপিএটিসি কেন্দ্রের অনুষদ সদস্যবৃন্দের সাথে Marrakech, Morocco - এ ২১-২৩ জুন ২০১৮ মেয়াদে অনুষ্ঠিত UN Public Service Forum 2018 -এ অংশগ্রহণের অভিজ্ঞতা বিনিময় করেন। উল্লেখ্য, উক্ত সম্মেলনে রেক্টর, বিপিএটিসি 'Equipping Public Service in achieving the SDGs by 2030' শীর্ষক Presentation উপস্থাপন এবং আয়োজক সংস্থা কর্তৃক নির্ধারিত অধিবেশনে Rapporteur এর দায়িত্ব পালন করেন।

আলোচনার পরবর্তী পর্যায়ে, রেক্টর, বিপিএটিসি কর্তৃক 'Achieving Sustainable Development Goals in Bangladesh: Organizational Gap Analysis' শীর্ষক একটি গবেষণামূলক প্রকাশনার বিষয়ে অনুষদ সদস্যবৃন্দকে ধারণা প্রদান করা হয় এবং সকল সদস্যের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট ব্যক্তিবর্গকে সচেষ্ট থাকার আহবান জানানো হয়।

অতঃপর সভার কাজ আনুষ্ঠানিকভাবে শুরু করার জন্য পরিচালক (পিপিআর)-কে অনুমতি প্রদান করা হয়।

বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ: সভার প্রথমেই বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

এরপর সভায় ধারাবাহিকভাবে দফাওয়ারী আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়-

বিষয়ওয়ারী সিদ্ধান্তসমূহ:

আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	অগ্রগতি/বাস্তবায়নকারী/সহযোগিতায়
১. কেন্দ্রের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া পর্যালোচনা।	২০১৮-১৯ অর্থবছরের জন্য প্রস্তাবিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কিছু বিষয় যেমন- বার্ষিক প্রকাশনার সংখ্যা পুনঃনির্ধারণ, বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থী ও ওয়ার্কশপ ইত্যাদির সংখ্যা হ্রাস করে সংশোধনপূর্বক জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। প্রয়োজনে সংশ্লিষ্ট বিষয়ের যৌক্তিকতা বিশ্লেষণপূর্বক অগ্রায়ণপত্র প্রেরণ করতে হবে।	গত ২৭/০৬/২০১৮ তারিখে মাননীয় প্রতিমন্ত্রী ও রেক্টর মহোদয়ের উপস্থিতিতে জনপ্রশাসন মন্ত্রণালয় ও বিপিএটিসি'র মধ্যে APA চুক্তি স্বাক্ষরিত হয়েছে।
২. কেন্দ্র থেকে প্রকাশিত জার্নাল, পত্রিকা, সাময়িকী ও নিউজ লেটার এর সংখ্যা পুনঃনির্ধারণ।	বিপিএটিসি প্রতি প্রশিক্ষণ বছরে Bangladesh Journal of Public Administration' (BJPA) এর ২টি Volume; 'বাংলাদেশ লোক-প্রশাসন পত্রিকা' এর ১টি সংখ্যা এবং ইংরেজিতে 'BPATC Newsletter' এর ৪টি সংখ্যা প্রকাশ করবে। এছাড়াও কেন্দ্রের জার্নালসমূহ আন্তর্জাতিক মানে উন্নীত করার লক্ষ্যে পরবর্তী সংখ্যাসমূহের On-line Publication নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা করবে।	পরিচালক (গবেষণা) ও উপপরিচালক (প্রকাশনা)।
৩. আরপিএটিসিতে অনুষ্ঠিত বিভিন্ন কোর্সসমূহ ।	৩.১ আরপিএটিসিসমূহে অনুষ্ঠিতব্য বুনিয়াদ গঠনের প্রশিক্ষণ কোর্সসমূহ 'Fundamental Training Course' (বাংলায় মৌলিক প্রশিক্ষণ কোর্স) নামে অভিহিত হবে এবং গ্রেডভিত্তিক শ্রেণীকরণ অনুযায়ী পৃথকভাবে এই কোর্স আয়োজিত হবে। প্রতিটি কোর্সেই কাঙ্ক্ষিত প্রশিক্ষণার্থীর সংখ্যা হবে ২৫ জন। কোর্সসমূহ হবে অনাবাসিক।	সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থা গৃহীত হয়েছে।
	৩.২. আরপিএটিসিসমূহ প্রতিবছর পদোন্নতিপ্রাপ্ত ৯ম গ্রেডের কর্মকর্তাদের জন্য ৪৫ দিনব্যাপী একটি বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স আয়োজন করবে। কোর্সসমূহ হবে অনাবাসিক।	প্রশিক্ষণার্থী চেয়ে বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর ডিও পত্র প্রেরণ করা হয়েছে। আরপিএটিসিসমূহের উপপরিচালকগণ লোকবল স্বল্পতা এবং অবকাঠামো উন্নয়নের অনুরোধ জানিয়েছেন।

আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	অগ্রগতি/বাস্তবায়নকারী/সহযোগিতায়
৪. অনুষদ সদস্যদের বিভিন্ন কোর এরিয়াতে বিভক্তকরণ।	বিপিএটিসি-এর প্রশিক্ষণ কার্যক্রম, প্রশিক্ষণ-ব্যবস্থাপনা, গবেষণা-প্রকাশনা ইত্যাদি ক্ষেত্রে কার্যকারিতা বৃদ্ধির জন্য অনুষদ সদস্যদের সেশন পরিচালনা, গবেষণা ইত্যাদি বিষয়ে Involvement-এর ভিত্তিতে নিম্নলিখিত তিনটি Core-area- ক. Instructional খ. Research and Publication গ. Course Management -এ বিভক্ত করার লক্ষ্যে অনুষদ সদস্যবর্গ কর্তৃক প্রেরিত তথ্যাদি নির্ধারিত ছক অনুযায়ী সংরক্ষণপূর্বক সম্মিলিত তথ্যের সারমর্ম পরবর্তী অনুষদ সভায় উপস্থাপন করতে হবে।	পরিচালক (পিপিআর)
৫. পিপিএমসি, এসএসসি ও এসিএডি কোর্সের বৈদেশিক শিক্ষা সফর।	৫.১ পিপিএমসি কোর্স সমাপ্তির সাথে সাথেই বৈদেশিক শিক্ষা সফর আয়োজনের সুবিধার্থে বৈদেশিক শিক্ষা সফরের জন্য দেশ নির্ধারণের ক্ষেত্রে ভিসার প্রয়োজন হয় না এমন দেশসমূহ বাছাইকরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ করতে হবে। এসএসসি, এসিএডি কোর্সের ক্ষেত্রে বিদেশ সফর থেকে ফেরার দিনটি যেন বৃহস্পতিবার হয় সেদিকে খেয়াল রেখে Foreign Exposure Visit এর তারিখ পূর্বেই Training Calendar এ উল্লেখ করে দিতে হবে।	গত ২৪/০৬/২০১৮ তারিখে নং-০৫.০১.২৬৭২.১৩৩.২৫.২০৫.১৮.৩২১ এর মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। এসএসসি, এসিএডি কোর্সের ক্ষেত্রে বিদেশ সফর থেকে ফেরার দিনটি বৃহস্পতিবার রেখে Foreign Exposure Visit এর তারিখ নির্ধারণপূর্বক ২০১৮-১৯ প্রশিক্ষণ বর্ষের Gantt Chart প্রস্তুত করা হয়েছে। যা ১৭/০৫/২০১৮ তারিখে রেক্টর মহোদয় কর্তৃক অনুমোদিত হয়েছে।
	৫.২ যে সকল প্রশিক্ষণ কোর্সে বৈদেশিক শিক্ষা সফর আবশ্যিক সে সকল কোর্সের শুরুতেই 'Welcome Letter'- এ পাসপোর্ট সংশ্লিষ্ট প্রয়োজনীয় তথ্যাদি/কাগজপত্র আনার জন্য প্রশিক্ষণার্থীদের অনুরোধ জানাতে হবে। কোর্স ব্যবস্থাপনা দল প্রশিক্ষণার্থীদের এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।	সংশ্লিষ্ট কোর্স ম্যানেজমেন্ট টিম এ ব্যাপারে অবহিত রয়েছে এবং আসন্ন ৮৭তম এসএসসি এবং ১২১তম এসিএডি'র 'Welcome Letter'-এ বিষয়ে সুস্পষ্ট নির্দেশনা রয়েছে।

আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	অগ্রগতি/বাস্তবায়নকারী/সহযোগিতায়
৬. Curriculum Development Committee.	পূর্বতন 'Curriculum Development Committee' এর পরিবর্তে কেন্দ্রের সকল এমডিএস এবং পরিচালক (পিপিআর) এর সমন্বয়ে 'Curriculum Development Committee' পুনর্গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়। তবে এ কমিটি প্রয়োজনবোধে অন্য সদস্যকে Co-Opt করার এখতিয়ার রাখবে।	গত ০৪/০৬/২০১৮ তারিখে অফিস আদেশ নং-০৫.০১.২৬৭২.১৪০.২৫.০০২.১৮.১৮৩ জারি করা হয়েছে। পুনঃ গঠিত কমিটির সদস্য সংখ্যা ০৭ জন এবং প্রয়োজনে কো-অপ্ট করে সদস্য সংখ্যা বাড়ানোর বিধান রাখা হয়েছে।
৭. ২০১৮-১৯ অর্থবছরের জন্য কেন্দ্রের Training Calendar এর Gantt Chart পর্যালোচনা।	২০১৮-১৯ অর্থবছরের জন্য প্রস্তাবিত Training Calendar এর Gantt Chart আলোচনা মোতাবেক সংশোধন করে অনুমোদনের জন্য উপস্থাপন করতে হবে।	২০১৮-১৯ অর্থ বছরের Training Calendar ও এর Gantt Chart গত ১৭/০৫/২০১৮ তারিখে রেক্টর মহোদয় কর্তৃক অনুমোদনপূর্বক চূড়ান্ত করা হয়েছে।
৮. সৃজনশীল পদ্ধতিতে প্রশ্নপত্র প্রণয়ন কর্মশালার Follow-up Workshop আয়োজন।	চলমান কোর্সসমূহের মডিউল-পরিচালকদের সমন্বয়ে গত ২২/০২/২০১৮ খ্রি. তারিখে অনুষ্ঠিত সৃজনশীল পদ্ধতিতে প্রশ্নপত্র প্রণয়ন এবং উত্তরপত্র মূল্যায়ন শীর্ষক কর্মশালার Follow-up Workshop শীঘ্রই আয়োজন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	২৩/০৬/২০১৮ তারিখে কেন্দ্রে চলমান কোর্সসমূহের মডিউল পরিচালকগণের অংশগ্রহণে 'Preparing Creative Multiple Choice Questions' শীর্ষক দিনব্যাপী Follow-up Workshop-টি আয়োজন করা হয়েছে। উক্ত কর্মশালায় অংশগ্রহণকারীর সংখ্যা ছিল মোট ৩৭ জন।
৯. Sustainable Development Goals (SDGs) পর্যায়ক্রমিক বিষয়ে বিবিধ সংক্ষিপ্ত প্রশিক্ষণ কোর্সের আয়োজন।	SDG বিষয়ে বিপিএটিসির ম্যান্ডেট সুষ্ঠুভাবে প্রতিপালনে ধারাবাহিক ও পর্যায়ক্রমে উক্ত বিষয়ে সংক্ষিপ্ত প্রশিক্ষণ কোর্সের আয়োজন করতে হবে। পর্যায়ক্রমিক প্রশিক্ষণ আয়োজনে Introductory Training Course-যা ইতোমধ্যে চালু (০১-০৫ জুলাই মেয়াদে 'Achieving Sustainable Development Goals in Bangladesh' শীর্ষক কোর্সটিতে প্রশিক্ষণার্থীর সংখ্যা ছিল মোট ৪৮ জন। যাঁরা বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধিত্ব করেছেন) করা হয়েছে। Organizational Gap Analysis বিষয়ে ToT কোর্স; Monitoring and Evaluation বিষয়ক কোর্স; SDG Implementation Mechanism (Case Study Based) বিষয়ক প্রশিক্ষণ কোর্স বিবেচনা করা যেতে পারে।	পরিচালক (পিপিআর)।